

মুগাড়য়

শাবির ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ৫১ শতাংশ

প্রকাশ : ৩১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



শাবি প্রতিমিথি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ ভর্তি পরীক্ষায় ৫১ শতাংশ শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। বুধবার সকাল ৯টায় একাডেমিক কাউন্সিলের সভাকক্ষে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন ভিসি অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

ভর্তি পরীক্ষার ফলাফল জানতে যেকোনো মোবাইল অপারেটর থেকে SUST RESULT Roll No লিখে ১৬২৪২ নম্বরে এসএমএস করতে হবে। এছাড়া admission.sust.edu এই ওয়েবসাইট থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

ভর্তি পরীক্ষার ফল প্রকাশকালে ভিসি বলেন, ১২ নভেম্বর থেকে ভর্তি কার্যক্রম শুরু হবে। ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক বেলাল উদ্দিন জানান, ২৬ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ সেশনের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এবারের ভর্তি পরীক্ষায় দুটি ইউনিটে ১৭০৩ আসনের বিপরীতে পরীক্ষায় অংশ নেন ৫৭ হাজার ৬১৯ জন। যার মধ্যে ২৯ হাজার ৪৮০ জন (৫১ শতাংশ) উত্তীর্ণ হন। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আমোয়ারুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এসএম সাইফুল ইসলাম, সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. জহীর বিন আলম, অধ্যাপক ড. মস্তাবুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএআর : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।